INDIA NON JUDICIAL

२०००रु. Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रुपये TWO THOUSAND RUPEES

2000 Rs.

...under rule ... u/s 6(1), of the W.B.L.R. Act 1955 duly stamped. Exempt from does not require stamp duty under the Indian Stamp Act 1899

Schedule IA No. ......

Fees paid ......

A. Fee ......, paid in ......

Addl. District Sub-Registrar, Bidhannagar, (Salt Lake City)

18-8-2000

Addl. District Sub-Registrar, Bidhan Nagar (Salt Lake City)

16 DEC 2008

।। মং ৪০,০০০, চল্লিশ হাজার টাকা পণে সাফ বিক্রয় কোবালা দলিল ।।

******************************************************

ক্রেতা ::- শ্রী রবীন্দ্র দাস পিতা মৃত শীতল চন্দ্র দাস জাতি - হিন্দু

পেশা - ব্যবসা, সাং - ৪৬ নং দত্তাবাদ রোড়, থানা - বিধান নগর (পূর্ব) কলিকাতা - ৭০০০৬৪ ।

বিক্রেতা ::- শ্রী পরিমল ঘোষ পিতা মৃত শম্ভুনাথ ঘোষ, জাতি - হিন্দু

পেশা - ব্যবসা, সাং - ১১১ বিধান সরনী থানা - শ্যামপুকুর কলিকাতা - ৭০০০০৪ ।

ক্রমশঃ ......

নং— ২২৬৩ তাং— ২৮-৭-২০০০

ক্রেতার নাম— শ্রী রবীন্দ্র দত্ত

সাং— ৪৮/৩ ... রোড কোল - ১৪

ষ্ট্যাম্পের মূল্য— ৫০০০ টাকা মাত্র

ষ্ট্যাম্প ভেণ্ডারের স্বাক্ষর.................

বিধান নগর (সল্টলেক সিটি)

এ. ডি. এস. আর. অফিস

চালান নং

মোট ষ্ট্যাম্প ক্রয় তাং

এই চালান নং-এ মোট কত টাকা

ষ্ট্যাম্প খরিদ করা হয়েছে....

ট্রেজারীর নাম—ব্যারাকপুর

ক্রেতার মিতা দত্ত

26 JUL 2000

100000

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY) N. 24 PGS.

...ted for registration ... on the ...
day of ... at Bidhan Nagore (Salt
Lake City) Sub-Registry office Executants/ ...
attorney for ...

authenticated by the.

... of ...

Parimal Ghosh

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

N.T.I.
২২৫৩

S/o. W/o
of
P.S. ... Dist. ...
By Caste Hindu/Muslim
By Profn. Service/H/Wife/Business

Parimal Ghosh

S/o. W/o
of
P.S. ... Dist. ...
By Caste Hindu/Muslim
By Profn. Service/H/Wife/Business

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

Parimal Ghosh



কস্য সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :—— জেলা উত্তর ২৪ পরগণা থানা এয়ারপোর্ট এ্যাডিসন্যাল ডিস্ট্রিকট সাব রেজিষ্ট্রী অফিস বিধান নগর পরগণা কলিকাতা স্থিত ১৭২ নং তৌজি ভুক্ত মৌজা গৌরীপুর গ্রামে হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগণার কালেকটর বাহাদুর অধিকারে নর্থ দমদম মিউনিসিপ্যালিটির এলাকাধীন প্রজার হাল ২৯১ নং খতিয়ান ভুক্ত বার্ষিক ৩, টাকা করের জমিজমার মধ্যে হাল ৭২ নং দাগে .৫০ শতক জমি ঐ মৌজার হাল ২৯৩ নং খতিয়ান ভুক্ত একটিবার্ষিক ৯, টাকা করের রায়ত দখলী সুত্রীয় জমিজমার মধ্যে হাল ৭৫ নং দাগে .৭৩ শতক জমি ও হাল ৭৪ নং দাগে .০৪ শতক মোট .৭৭ শতক জমি একুনে চার টি দাগে দুই টি খতিয়ান ভুক্ত মোট ১.৩১ শতক জমি যাহা দোহাড়িয়া গ্রাম নিবাসী সফর আলি মন্ডল মহাশয়ের নিজ নামিয় রেকর্ডিয় সম্পত্তি থাকে । উক্ত সফর আলি মন্ডল মহাশয় উক্ত জমি নিজ খাসে ভোগদখল করিতে থাককালে তাহার এক পুত্র আব্দুল কাদের মন্ডল তিন কন্যা নছিমন বিবি এমামন নেছা বিবি ও রহিমন নেছাবিবি ও স্ত্রী বেলবানু বিবি এই পাঁচ জন কে ওয়ারিশান রাখিয়া উক্ত সফর আলি মন্ডল পরলোক গমন করিলে পর তৎত্যাক্ত সম্পত্তি উক্ত পুত্র কন্যা স্ত্রী তুল্যাংশে পৈতৃক ও স্বামীর ওয়ারিশান সুত্রে প্রাপ্ত হইয়া নিজ খাসে ভোগদখল করিতে থাকেন । উক্ত ব্যক্তিগনের মধ্যে পুত্র নাবালক থাকার মাতা গার্জেন সাব্যস্তে ও উপরোক্ত তিন ভগ্নী নছিমন বিবি এমামন নেছা বিবি ও রহিমননেছা বিবি দিগরের সুত্বাংশ অর্থাৎ উপরোক্ত চার টি দাগে ১.৩১ শতক জমি গৌরীপুর গ্রাম নিবাসী

যতীন্দ্র ....

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR, SALT LAKE CITY, N. 24 PGS. ★ 1998

District Sub-Registrar
nagar, (Salt Lake City

যতীন্দ্র নাথ পাল মহাশয় বিগত ইংরাজী ১৯৫৬ সালে কাশীপুর দমদম সাব রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১০৪ নং ভল্যুমের ১৩৬ -- ১৩৯ নং পাতায় নকলকৃত ৭০৪৪ নং রেজিষ্ট্রী কৃত সাফ কোবালা দলিল দ্বারা খরিদ করিয়া নিজ খাসে ভোগদখল করিতে থাকাকালে ভোগদখলের বিশেষ অসুবিধা দেখা দেওয়ায় উক্ত যতীন্দ্র নাথ পাল মহাশয় মোকাম আলিপুর ২য় সাব জর্জ আদালতে ১৯৫৮ সালে ২১ নং দেওয়ানী টাইটেল বন্টন বিভাগ উক্ত আব্দুল কাদের মন্ডল বিশুদেও সিং ও ব্যাসদেও সিং নাম বরাবর মোকর্দ্দমা দায়ের করিয়া ডিক্রি হাসিল করতঃ উক্ত ডিক্রি জারি করিয়া উক্ত জমি নিলাম করাইলে পর ঐ আদালতে ১৯৬৩ সালে ২৬ তারিখে প্রকাশ্য নিলামে উক্ত যতীন্দ্র নাথ পাল মহাশয় নিলাম খরিদ করিয়া উক্ত আদালতের অনুমতি অনুসারে ২০৮০১৯৬৩ তারিখে রীতি মত বহাল করাইয়া উক্ত যতীন্দ্র নাথ পাল ইংরাজী ২১০৯০১৯৬৩ তারিখে আদালত হইতে বয়নামা প্রাপ্ত হইয়া ইংরাজী ২১০৬০১৯৬৪ তারিখে বাঁশ নছরের দ্বারা উক্ত আদালত কর্ত্তৃক দখল লইয়া নিজ খাসে ভোগদখল করিতে থাকাকালে তাহার প্রাপ্তীয় ৪ টি দাগে ১।২ অংশে ০৬৫৫০ শতক জমি উপেন্দ্র নাথ রায় মহাশয় কে বিক্রয় করেন। উক্ত উপেন্দ্র নাথ রায় মহাশয় উক্ত ০৬৫৫০ শতক জমি উক্তরূপে খরিদ করিয়া নিজ খাসে ভোগদখল করিতে থাকাকালে উক্ত জমি প্রতাপ শঙ্কর সান্যাল মহাশয়ের নিকট বিগত ইংরাজী ১২০৩০১৯৭৪ তারিখে এ০ডি০আর বারাসাত রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১৯০ নং রেজিষ্ট্রী কৃত সাফ কোবালা দলিলদ্বারা উপেন্দ্র নাথ রায় মহাশয় বিক্রয় করেন। বক্রি ॥০ রকম অংশে ০৬৫৫০ শতক জমি উক্ত যতীন্দ্র নাথ পাল মহাশয় নিজ খাসে ভোগদখল করিতে থাকাকালে তাঁহার স্ত্রী প্রমিলা পাল, ছয় পুত্র অজিত কুমার পাল, অশোক কুমার পাল, অরুণ কুমার পাল, রবীন কুমার পাল

ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY)

District Sub-Registrar
(Salt Lake City

Pratimal Pal



রঞ্জিত কুমার পাল, অধীর কুমার পাল, ও এক কন্যা গৌরী পাল কে ওয়ারিশান রাখিয়া পরলোক গমন করিলে পর উক্ত আট জন পুত্র কন্যা স্ত্রী তুল্যাংশে উক্ত .৬৫৫০ শতক জমি পৈতৃক ও স্বামীর ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া নিজ খাসে ভোগদখলকরিতে থাকেন। আমি অত্র দলিলের বিক্রেতা উক্ত আট জন পুত্র, কন্যা ও মাতার নিকট হইতে তাহাদের প্রাপ্তায় .৬৫৫০ শতক জমি বিগত ইংরাজী ১৪.৩.১৯৭৮ তারিখে এ.ডি.আর বারাসাত রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১৩ নং ভলুমের ৮০ - ৮৫ নং পাতায় নকল কৃত ৩২৬ নং এক কেতা রেজিষ্ট্রী কৃত সাফ কোবালা দলিলদ্বারা খরিদকরি। পরবর্তীকালে উপরোক্ত প্রতাপ শঙ্কর সান্নাল মহাশয়ের খরিদা উপরোক্ত দাগ সমুহের ১। ২ অংশে .৬৫৫০ শতক জমি আমি অত্র দলিলের বিক্রেতা বিগত ইংরাজী ১২.৩.১৯৭৪ তারিখে এ.ডি.আর বারাসাত রেজিষ্ট্রী অফিসের ১ নং বহির ১১০ নং রেজিষ্ট্রী কৃত সাফ কোবা দলিল দ্বারা খরিদকরি। একুনে উপরোক্ত চার টি দাগে ১.৩১ শতক জমি খরিদকরিয়া নিজ খাসে ভোগদখলকরিতে থাকাকালে উপরোক্ত নাবালক পুত্র আব্দুল কাদের মন্ডল তাহার স্বত্বের দাবী করায় পুনরায় তাহার স্বত্বাংশ বিগত ইংরাজী ১২.১১.১৯৮৭ তারিখে অত্র বিধান নগর সাব রেজিষ্ট্রী অফিসের ১ নংবহির ৬৩৮৫ নং রেজিষ্ট্রী কৃত সাফ কোবালা দলিলদারা খরিদকরিয়া নিজ খাসে ভোগদখল করিতে থাকাকালে বর্তমান কে.বি সেটেলমেন্ট জরিপ আরম্ভ হয়। জরিপ কালীন হাল খন্ড ৫৩১ নং খতিয়ান ভুক্ত হাল ৭২, ৭৩, ৭৪, ও ৭৫ নং দাগ সমুহের ১.৩১ শতক জমি আমার নাম বরাবর রেকর্ড ভুক্ত হইয়া লিপিবদ্ধ হয় বর্তমানে আছে। উক্ত জমি পৃথক ভাবে মালিকের করাদী আদায় পূর্ব্বক নিজ খাসে ভোগবান মালিক দখলীকার আছি। যাহা দান, বিক্রয় করিবার আমার উপর সত্ত্বর্তমানে আছে॥

ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY) N. 24 PGS.

District Sub-Registrar
(Salt Lake City

এক্ষণে নানা বিধ বৈধ ও সঙ্গত কারনেআমার নগদ টাকার বিশেষ প্রয়োজন দেখা দেওয়ায় উপরে লিখিত আমার খরিদা জমি বিভিন্ন প্লটে বিভক্ত করিয়া এক নকসা প্রস্তুত করিয়া লাল রেখার দ্বারা সীমা নির্দ্দিষ্ট করিয়া বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি ক্রেতা তাহা জানিতে পারিয়া আমার স্কীম প্লটের '৩৭' নং প্লট ভুক্ত ১ - ১৩ - ৪ ' এক কাঠা তের ছটাক চার বর্গফুট জমি খরিদ করিতে ইচ্ছা প্রকাশ করায় বাজার দর সর্ব্বোচ্চ মূল্য মং ৪০,০০০, চল্লিশ হাজার টাকা দিতে চাহিলে আমি বিক্রেতা তাহা অবগত হইয়া আপনার প্রস্তাবিত মূল্য সাব্যস্ত করিয়া বাজার উচিৎ উক্ত মূল্য মং ৪০,০০০, চল্লিশ হাজার টাকা আপনার নিকট হইতে নগদ গ্রহন করিয়া অত্র সাফ কোবালা দলিল লিখিয়া দিয়া তপশীল বর্ণিত জমি হইতে আমি বিক্রেতা এক কালীন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম । নিম্ন তপশীল বর্ণিত জমিতে আপনাকে খোলসা খাস দখল দিয়া দিলাম । তপশীল বর্ণিত জমিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামিত্ব দখল অধিকার লাভ লভ্য ছিল বা আছে, তাহা অদ্য হইতে অত্র কোবালার বলে আমার হইতে রদ ও রহিত হইয়াআপনার অনুকূলে নিব্যূঢ় স্বত্বেবর্ত্তিল ॥

আপনি অদ্য হইতে আমার নিব্যূঢ় স্বত্বে সম্পূর্ণ স্বত্ববান ভোগবান ও মালিক দখলীকার হইয়া মালিক সরকারে নির্দ্ধারিত করাদী আদায় দিয়া আমার নামের পরিবর্তে আপনার নিজ নাম পত্তন পূর্ব্বক দান, বিক্রয় হস্তান্তরাদি ও সর্ব্ব প্রকার রূপান্তরের ক্ষমতাযুক্তে মালিক হইয়া পুত্র, পৌত্রাদি ওয়ারিশান গণ ক্রমে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগদখল করিতে থাকুন । তাহাতে আমি ও আমার ওয়ারিশান গণ ক্রমে কস্মিন কালে কোন প্রকার দাবী করি বা কেহ করে, তাহা সর্ব্বত্র সর্ব্ব আদালতে বাতিল ও নামঞ্জুর

ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY)

District Sub-Registr
(Salt Lake Cit

Parimal Mallik



বিক্রীত জমি আমি ইতিপূর্ব্বে কাহাকে ও দান, বিক্রয় করি নাই, বা আমার স্বত্ব দখল ব্যবহারে দোষ, ত্রুটি নাই, বা কোন মামলা, মোকদ্দমায় বিষয়ীভূত সম্পত্তি নহে বা সরকার বাহাদুর কর্ত্তৃক এ্যাকুইজিশন, রিকুইজিশান হয়নাই, বা ঐ মর্ম্মে আমার উপর কোনরূপ নোটিশ জারি হয় নাই, বা কোন মর্টগেজ আবদ্ধ কৃত সম্পত্তি নহে, বা আমার অপর কোন অংশীদার নাই, বিক্রীত সম্পত্তি সম্পূর্ণ মুক্তাবস্থায় আমার খাস দখলে থাকাকালে আপনার নিকট সাফ বিক্রয় করিলাম। যদি ভবিষ্যতে আমার কোনরূপ তঞ্চকতাহেতু আপনার খরিদা স্বত্ব দখল ব্যবহারে ক্ষয় ক্ষতি হয়, বা খরিদা স্বত্ব হইতে বেদখল হয়েন, তাহা হইলে আমি মায় যাবতীয় ক্ষয় ক্ষতি পূরণ সহ মূল্যের সমুদয় টাকা আমি ওয়ারিশান গণ ক্রমে ফেরৎ দিতে বাধ্য থাকিলাম।

আর ও প্রকাশ থাকে যে, উপরোক্ত উক্তি সমূহের মধ্যে আমার কোনরূপ তঞ্চকতাহেতু আপনার খরিদাদলিলে ভুল ভ্রান্তি প্রকাশ পায়, তজ্জন্য ভ্রম সংশোধন দলিল বা পরিপূরক দলিল প্রয়োজন হয়, তাহা হইলে আমি বিনা পণ গ্রহণে ভ্রম-সংশোধন দলিল বা পরিপূরক দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য থাকিলাম।

প্রকাশ থাকে যে, মিউনিসিপ্যালিটির রাস্তা হইতে আমার অন্য জমির উপর দিয়া বিক্রীত জমি পর্য্যন্ত ১৭' ফুট রাস্তা দর্শাইয়া এক নকসা প্রস্তুত করিয়া লাল রেখার দ্বারা সীমা নির্দ্দিষ্ট করিয়া অত্র দলিলের সহিত দাখিলকরিলাম। উক্ত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে।

ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY) N. 24 PGS.

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City)

Parimal Ghosh

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে সজ্ঞানে অত্র সাফ কোবালা দলিল পাঠ করিয়া দলিলের মর্ম্ম সমুহ অবগত হইয়া দলিলে লিখিত পণের সমুদয় মং ৪০,০০০, চল্লিশ হাজার টাকা নিম্ন জায় মত নগদ গ্রহন করিয়া অত্র সাফ কোবালা দলিলে সহি সম্পাদন করতঃ রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি সন বাংলা ১৪০৭ সালের ৩১ শে শ্রাবন ইংরাজী ১৭/৮/২০০০ সাল

॥ তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় ॥

********************************

জেলা উত্তর ২৪ পরগণা থানা এয়ারপোর্ট এ্যাডিসন্যাল ডিষ্ট্রিকট সাব রেজিষ্ট্রী অফিস বিধান নগর পরগণা কলিকাতা স্থিত ১৭২ নং তৌজি ভুক্ত মৌজা গৌরীপুর গ্রামে জে.এল নং - ৬ রে: সা: নং - ১২১ নর্থ দমদম মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত প্রজার হাল ২১৩ নং খতিয়ান হইতে বর্তমান হাল এল.আর. ৫৩১ নং খতিয়ান ভুক্ত বার্ষিক ৯, টাকা করের রায়ত দখলী স্বত্বীয়।

দাগ নং হাল ৭৫ পঁচাত্তর ডাঙ্গা .৭৩ শতক জমির মধ্যে স্থানীয় মাপে কমবেশ ০ - ০ - ৩৫' পঁয়ত্রিশ বর্গফুট।

দাগ নং হাল ৭৪ চুয়াত্তর ডাঙ্গা .০৪ শতক জমির মধ্যে স্থানীয় মাপে কমবেশ ১ - ১২ - ১৪' এক কাঠা বার ছটাক চৌদ্দ বর্গফুট।

\- - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - - -

দুইটি দাগে মোট ১ - ১৩ - ৪' এক কাঠা তের ছটাক চার বর্গফুট জমির যাবতীয় ইজমেন্ট রাইট চলাচলের বর্ত্তাস্বত্ত্ব সহ অত্র কোবালার বিক্রীত স্বত্ব। যাহার বার্ষিক হারাহারী খাজনা ১২

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR : SALT LAKE CITY)

District Sub-Registrar
(Salt Lake City

Parimal Ghosh

পয়সা করের জমি এক নকসা প্রস্তুত করিয়া লালরেখার দ্বারা সীমা নির্দিষ্ট করিয়া অত্র দলিলের সহিত দাখিল করিলাম । উক্ত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে । যাহার প্লট নং ' ৩৭ ' ।

॥ যাহার চৌহদ্দি ॥

*********************

উত্তরে ::- বাউন্ডারী ওয়াল ।

দক্ষিনে ::- ১২' - 0'' ফুট রাস্তা ।

পূর্ব্বে ::- প্লট নং - ৩৮, ৩৯ ।

পশ্চিমে ::- প্লট নং - ৩৬ ।

॥ টাকার জায় ॥

*****************

১০০ টাকার নোট ৪০০ কেতায় মোট .... ৪০,০০০.০০,
মং চল্লিশ হাজার টাকা মাত্র ।

Parimal Ghosh

মুসাবিদাকারক -
শ্রীলক্ষ্মীকান্ত নস্কর

শ্রী লক্ষীকান্ত নস্কর
সাং - পাথরঘাটা
থানা - রাজারহাট
লাইসেন্স নং X। - ২০,

টাইপ কারক -
[signature]

এস. নস্কর
কৃষ্ণপুর ।

ইসাদী —

১। Sudhansu Bose
7, No Dutta bad Road
Cal-64

২। [signature]
111/2B, Bidhan Sar[illegible]
Cal-4.

THE ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY) N. 24 PGS.

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City

THE ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY) N. 24 PGS.

Addl. District Sub-Registrar
Bidhannagar, (Salt Lake City

SITE PLAN OF AT MOUZA GOURIPUR, R.S DAG NO- 74 & 75 PLOT NO-37, WARD NO -12, P.S DUM DUM AIRPORT, UNDER DUM DUM MUNICIPALITY (NORTH), DIST NORTH 24 PARGANAS.

SCALE=1"=12'-0"

SOLD BY: PARIMAL KUMER GHOSH


SOLD TO:

NET AREA OF LAND: 1K 13CH 4SFT.

AREA OF LAND UNDER R.S DAG NO- 75 = 35 SFT

AREA OF LAND UNDER R.S DAG NO-74: 1K 12CH 14SFT




Parimal Ghosh

DRAWN BY:

Dmandal
(DCE)

SEAL OF THE ADDL. DIST. SUB-REGISTRAR, BIDHANNAGAR (SALT LAKE CITY) N. 24 PGS.

(Salt Lake City

**Government Of West Bengal**
**Office of the A. D. S. R. BIDHAN NAGAR**
**BIDHAN NAGAR**
**Endorsement For deed Number :I-14505 of :2008**
**(Serial No. 06064, 2000)**

---

## On 16/08/2000

**Payment of Fees:**

Fee Paid in rupees under article : A(1) = 429/- on:16/08/2000

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))**

Presented for registration at 12.00 hrs on :16/08/2000,at the Office of the A. D. S. R. BIDHAN NAGAR by Parimal Ghosh,Executant.

**Admission of Execution(Under Section 58)**

Execution is admitted on 16/08/2000 by

1. Parimal Ghosh, son of Late Sambhu Nath Ghosh ,111, Bidhan Sarani Kolkata ,Thana Shyampukur,Pin 700004, By caste Hindu,by Profession :Business

Identified By Amal Ghosh, son of . . 111/2 B, Bidhan Sarani Kolkata 700004 Thana: ., by caste Hindu,By Profession ----.

Name of the Registering officer :........
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

## On 18/08/2000

**Certificate of Market Value(WB PUVI rules 1999)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs- 308000/-

Certified that the required stamp duty of this document is Rs 15400 /- and the Stamp duty paid as: Impresive Rs- 2000

Name of the Registering officer :........
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

## On 16/12/2008

**Certificate of Admissibility(Rule 43)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A Article number :23 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs. 10.00/-

[Abhijit Kumar Das]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

---

Seal of the Additional District Sub Registrar * Bidhannagar, North 24 Pgs. *

Addl. District Sub-Registrar
Bidhan Nagar ( Salt Lake City )

16 DEC 2008

## Government Of West Bengal
## Office of the A. D. S. R. BIDHAN NAGAR
## BIDHAN NAGAR

**Endorsement For deed Number :I-14505 of :2008**
**(Serial No. 06064, 2000)**

**Deficit stamp duty**

Deficit stamp duty Rs 13410/- is paid, by the draft number 590038, Draft Date 12/12/2008 Bank Name STATE BANK OF INDIA, Swasthya Bhawan, received on :16/12/2008.

**Deficit Fees paid**

Deficit amount of Registration fees is realized under Article in rupees : A(1) = 2948/- on: 16/12/2008.

Name of the Registering officer :**Abhijit Kumar Das**
**Designation :ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR**

[Abhijit Kumar Das]
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR OF BIDHAN NAGAR
Govt. of West Bengal

Seal of the Additional District Sub Registrar * Bidhannagar, North 24 Pgs. *

অতিরিক্ত জেলা অবর নিবন্ধকের মোহর • বিধাননগর, উত্তর ২৪পরগনা •

Addl. District Sub-Registrar
Bidhan Nagar (Salt Lake City)

16 DEC 2008

*Certificate of Registration under section 60 and Rule 69.*

Registered in Book - I
CD Volume number 13
Page from 19434 to 19446
being No 14505 for the year 2008.

(Abhijit Kumar Das) 17-December-2008
ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR
Office of the A. D. S. R. BIDHAN NAGAR
West Bengal